গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.০৮.০০১.২৩.১৬২

তারিখ : ১৮ চৈত্র ১৪৩২ / ০১ এপ্রিল ২০২৬

## প্রজ্ঞাপন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জনাব মোঃ ইউনুছ আলী, প্রশাসনিক কর্মকর্তা, জেলা জজ আদালত, কুষ্টিয়া-কে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় গত ১১ মার্চ ২০২৬ তারিখ সরকারি চাকরি থেকে ভূতাপেক্ষভাবে অবসর প্রদান করা হলো। একই আইনের ধারা-৪৭ অনুযায়ী তাঁর অনুকূলে ১২ মার্চ ২০২৬ তারিখ থেকে ১১ মার্চ ২০২৭ তারিখ পর্যন্ত ১২ (বারো) মাসের অবসর-উত্তর ছুটি মঞ্জুর করা হলো।

০২। চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫-এর অনুচ্ছেদ ১০-এর উপ-অনুচ্ছেদ (২)(খ) মোতাবেক তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের অর্জিত ছুটির নগদায়ন প্রদানে সরকারের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

০৩। তিনি বিধি মোতাবেক অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০১/০৪/২০২৬
(মুহাম্মদ আশেকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৭৪১৬
Email section4@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.০৮.০০১.২৩.১৬২/(১-৬)

তারিখ : ১৮ চৈত্র ১৪৩২ / ০১ এপ্রিল ২০২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. জেলা জজ, কুষ্টিয়া।
২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ নং-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুষ্টিয়া।
৫. জনাব মোঃ ইউনুছ আলী, প্রশাসনিক কর্মকর্তা, জেলা জজ আদালত, কুষ্টিয়া।